

জানুয়ারি 22, 2014

2005 সালের আগে জারি ব্যাঙ্কনোট তুলে নেওয়া হবে: ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর সতর্কতামূলক বিবৃতি

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আজ নির্দেশ দিয়েছে যে 2005 সালের পূর্বে জারি সমস্ত ব্যাঙ্কনোট মার্চ 31, 2014-এর পরে বাজার সম্পূর্ণভাবে থেকে তুলে নেওয়া হবে। এপ্রিল 1, 2014 থেকে জনসাধারণকে ব্যাঙ্কে গিয়ে এই নোটগুলি বদলে আনতে হবে। পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত ব্যাঙ্কগুলি এই ধরনের নোট বদলানোর সুবিধা প্রদান করবে। রিজার্ভ ব্যাঙ্ক আরও জানিয়েছে যে - যে নোটগুলি তুলে নেওয়া হবে জনসাধারণ সেগুলি সহজেই চিনতে পারবেন; কেননা 2005 সালের পূর্বে জারি করা নোটের পিছন দিকে মুদ্রণবর্ষ দেওয়া নেই। (অনুগ্রহ করে নীচে দেওয়া নমুনা দেখুন)

রিজার্ভ ব্যাঙ্ক এ কথাও স্পষ্ট করে জানিয়েছে যে 2005 সালের পূর্বে জারি নোট বৈধ টেন্ডার হিসেবেই চালু থাকবে। অর্থাৎ ব্যাঙ্কগুলিকে তাদের গ্রাহকদের অথবা যাঁরা গ্রাহক নন তাঁদেরও নোট বদলে দিতে হবে। তবে জুলাই 1, 2014 থেকে 10 টির বেশি ₹500 এবং ₹1000-এর নোট বদলাতে গেলে যাঁরা গ্রাহক নন তাঁদের ক্ষেত্রে যে ব্যাঙ্ক শাখায় তাঁরা নোট বদল করতে চান তাদের কাছে নিজের পরিচয় এবং ঠিকানার প্রমাণপত্র দাখিল করতে হবে।

রিজার্ভ ব্যাঙ্ক জনসাধারণকে আতঙ্কিত না হওয়ার জন্য আবেদন করেছে এবং অনুরোধ করেছে নোট প্রত্যাহার করার এই কাজে তাঁরা যেন সক্রিয়ভাবে সহযোগিতা করেন।

অজিত প্রসাদ
সহকারী মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2013-2014/1472

নমুনা



ছবি 1: সেই ব্যাঙ্কনোট যার ওপর মুদ্রণবর্ষ দেওয়া নেই এবং যেটি মার্চ 31, 2014-এর পর বাজার থেকে তুলে নেওয়া হবে



ছবি 2. সেই ব্যাঙ্কনোট যার ওপর মুদ্রণবর্ষ দেওয়া আছে, ফলে বাজার থেকে তুলে নেওয়া হবে না।